Rowshan A. Rahman
Protocol Officer
Bangladesh Agricultural Research
Council, Dhaka.

Deputy Director (Budget)
Bangladesh Agricultural
Research Council, Dhaka.



রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগষ্ট ১৭, ১৯৯৬

বাংলাদেশ জাতীয় সংসদ

## বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন ১৯৯৬

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা ১২১৫

রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগষ্ট ১৭, ১৯৯৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৭ই আগষ্ট, ১৯৯৬/২রা ভাদ্র, ১৪০৩

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৪ই আগষ্ট, ১৯৯৬ (৩০ শে শ্রাবণ, ১৪০৩) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

## ১৯৯৬ সনের ৭ নং আইন

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল সংক্রান্ত আইন রহিত করিয়া সংশোধিত আকারে উহা পুনঃ প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল সংক্রান্ত Bangladesh Agricultural Research Council Order, 1973 (P.O. No. 32 of 1973) রহিত করিয়া সংশোধিত আকারে উহা পুনঃ প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ-

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তনঃ- (১) এই আইন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১লা আষাঢ়, ১৪০৩ মোতাবেক ১৫ই জুন, ১৯৯৬ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞাঃ- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) "ইনষ্টিটিউট" অর্থ তফসিলে উল্লিখিত কোন ইনষ্টিটিউট;

(খ) "কর্মচারী" অর্থ কাউন্সিলের কোন কর্মচারী এবং কাউন্সিলের কোন কর্মকর্তাও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবেন;

(গ) "কাউন্সিল" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;

(ঘ) "কো-চেয়ারম্যান" অর্থ গভর্ণিং বডির কো-চেয়ারম্যান;

(ঙ) "কৃষি" বলিতে নিম্ন বর্ণিত কার্যাবলী অন্তর্ভূক্ত হইবে, যথাঃ-

(অ) ফলমূলসহ সকল প্রকার উদ্ভিজ্জ, ফসল উৎপাদন, উক্ত ফসল-তোলা, সংরক্ষণ এবং উহাদের প্রারম্ভিক প্রক্রিয়াকরণ ও ব্যবহার এবং তৎসংক্রান্ত কার্যাবলী;

(আ) বনজ সম্পদ উন্নয়ন, সংরক্ষণ ও তৎসংক্রান্ত কার্যাবলী;

(ই) পশু পালন, প্রজনন, পশু সম্পদ উন্নয়ন এবং তৎসংক্রান্ত কার্যাবলী;

(ঈ) মৎস্য, শক্ত খোলযুক্ত জলজ প্রাণী (Crustaeceans) এবং সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, মনুষ্য-খাদ্য হিসাবে ঘোষিত অন্য কোন জলজ প্রাণীর চাষ, প্রজনন, উন্নয়ন এবং তৎসংক্রান্ত কার্যাবলী;

(চ) "গভর্ণিং বডি" অর্থ ধারা ৫(১) অনুসারে গঠিত গভর্ণিং বডি;

(ছ) "চেয়ারম্যান" অর্থ গভর্ণিং বডির চেয়ারম্যান;

(জ) "তফসিল" অর্থ এই আইনের কোন তফসিল;

(ঝ) "নির্বাহী চেয়ারম্যান" অর্থ ধারা ১২ এর অধীনে নিযুক্ত চেয়ারম্যান;

(ঞ) "নির্বাহী পরিষদ" অর্থ ধারা ১০ অনুসারে গঠিত নির্বাহী পরিষদ;

(ট) "প্রবিধান" অর্থ ধারা ২২ এর অধীনে প্রণীত প্রবিধান;

(ঠ) "বিধি" অর্থ ধারা ২১ এর অধীনে প্রণীত বিধি;

(ড) "সচিবালয়" অর্থ ধারা ১৩ (১) এ উল্লিখিত সচিবালয়;

(ঢ) "সদস্য-পরিচালক" অর্থ ধারা ১৩ (২) এ উল্লিখিত সদস্য-পরিচালক;

(ণ) "সহযোগী সংগঠন" অর্থ এমন কোন সংগঠন বা সংস্থা যাহা, এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে, একটি সহযোগী সংগঠনরূপে কাউন্সিল কর্তৃক স্বীকৃত;

(ত) "সিস্টেম" অর্থ কৃষি গবেষণা এবং তৎসংশ্লিষ্ট কার্যক্রমের উদ্দেশ্যে, কাউন্সিল এবং ইনষ্টিটিউটসমূহের সম্মিলিত রূপ।

৩। কাউন্সিল প্রতিষ্ঠাঃ- (১) এই আইন বলবৎ হইবার সংগে সংগে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নামে একটি কাউন্সিল প্রতিষ্ঠিত হইবে।

(২) কাউন্সিল একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে, এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর করার ক্ষমতা থাকিবে; এবং কাউন্সিলের নামে উহার পক্ষে বা বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

(৩) কাউন্সিলের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৪। পরিচালনা ও প্রশাসনঃ- (১) কাউন্সিলের একটি নির্বাহী পরিষদ থাকিবে এবং উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, কাউন্সিলের পরিচালনা ও প্রশাসন উক্ত পরিষদের উপর ন্যস্ত থাকিবে, এবং কাউন্সিল যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে নির্বাহী পরিষদও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) নির্বাহী পরিষদ উহার ক্ষমতা প্রয়োগ এবং কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে গভর্ণিং বডির নিকট দায়ী থাকিবে এবং গভর্ণিং বডি কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা, আদেশ ও নির্দেশ অনুসরণ করিবে।

৫। গভর্ণিং বডি ও উহার গঠনঃ- (১) কাউন্সিলের একটি গভর্ণিং বডি থাকিবে, যাহা নিম্নবর্ণিত সদস্য-সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ-

(ক) কৃষি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, পদাধিকারবলে, যিনি গভর্ণিং বডির চেয়ারম্যানও হইবেন;

(খ) মৎস্য ও পশুসম্পদ বিষয়ক মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রনালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, পদাধিকারবলে, যিনি গভর্ণিং বডির কো-চেয়ারম্যানও হইবেন;

(গ) জাতীয় সংসদের স্পীকার কর্তৃক মনোনীত দুইজন সংসদ-সদস্য;

(ঘ) নির্বাহী চেয়ারম্যান, পদাধিকারবলে;

(ঙ) পরিকল্পনা কমিশনের কৃষি বিষয়ক সদস্য, পদাধিকারবলে;

(চ) কৃষি, মৎস্য ও পশুসম্পদ, বাণিজ্য এবং পরিবেশ ও বন বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগসমূহের সচিবগণ, পদাধিকারবলে;

(ছ) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ভাইস-চ্যান্সেলর, পদাধিকারবলে;

(জ) রেক্টর, ইনষ্টিটিউট অব পোষ্টগ্রাজুয়েট ষ্টাডিজ ইন এগ্রিকালচার (ইপসা), পদাধিকারবলে;

(ঝ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ এবং সংস্থাপন বিষয়ক-মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত যুগ্ম-সচিবের নিম্নে নহেন এরূপ পদমর্যাদাসম্পন্ন একজন করিয়া কর্মকর্তা;

(ঞ) কৃষি সম্প্রসারণ, পরিবেশ, পশুসম্পদ, বন ও মৎস্য অধিদপ্তরসমূহের প্রধানগণ, পদাধিকারবলে;

(ট) চেয়ারম্যান কর্তৃক মনোনীত এইরূপ তিনজন বিজ্ঞানী যাহারা কাউন্সিল অথবা কোন ইনষ্টিটিউটে কর্মরত নহেন এবং খাদ্যশস্য, অর্থকরী ফসল, মৎস্য চাষ, পশু পালন, পশু চিকিৎসা, বন, পরিবেশ, প্রাকৃতিক সম্পদ বিষয়ক বিজ্ঞান, সমাজ বিষয়ক বিজ্ঞান (Social Science) অথবা সংশ্লিষ্ট অপর কোন বিজ্ঞানের ক্ষেত্রে প্রথিতযশা গবেষকরূপে স্বীকৃত;

(ঠ) চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন আদর্শ কৃষক, কৃষজ সামগ্রীর ব্যবসায়ী সম্প্রদায়ের একজন প্রতিনিধি এবং কৃষি গবেষণা বা কৃষি উন্নয়নের সহিত জড়িত কোন-বেসরকারী সংস্থা (এন, জি, ও) এর একজন প্রতিনিধি।

ব্যাখ্যা ঃ- (১) দফা (ক) ও (চ) তে উল্লিখিত কৃষি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ, দফা (ঙ) তে

উল্লিখিত কৃষি বিষয়ক সদস্য এবং দফা (ঝ) তে উল্লিখিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বলিতে যথাক্রমে সরকার কর্তৃক নির্ধারিত মন্ত্রণালয় বা বিভাগ, সদস্য এবং অধিদপ্তরকে বুঝাইবে।

(২) গভর্ণিং বডির গঠনে ত্রুটি রহিয়াছে বা উহাতে কোন শূন্যতা রহিয়াছে শুধুমাত্র এই কারণে গভর্নিং বডির কোন কার্য বা কার্যধারা বেআইনী হইবে না বা তৎসম্পর্কে কোন প্রশ্ন উথাপন করা যাইবে না।

৬। সদস্য পদের মেয়াদঃ- (১) ধারা ৭ এর বিধান সাপেক্ষে, ধারা ৫(১) এর দফা (গ), (ঞ) এবং (ট) এর অধীনে মনোনীত কোন ব্যক্তির সদস্যপদের মেয়াদ হইবে উক্ত পদে তাহার মনোনয়নের তারিখের পরবর্তী তিন বৎসর।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত যে কোন মনোনীত সদস্য চেয়ারম্যানের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

৭। সদস্যপদের অবসানঃ- (১) গভর্ণিং বডির কোন সদস্যের সদস্যপদের অবসান হইবে, যদি-

(ক) ধারা ৫(১) (গ) এর অধীনে মনোনীত কোন সংসদ-সদস্যের ক্ষেত্রে, তাহার আসন সংবিধানের ৬৭ অনুচ্ছেদ অনুসারে শূন্য হয়, অথবা

(খ) ধারা ৫(১) এর দফা (গ) বা (ঞ) বা (ট) এর অধীনে কোন মনোনীত সদস্যের ক্ষেত্রে-

(অ) তাহার সদস্যপদের মেয়াদ ধারা ৬(১) অনুসারে উত্তীর্ণ হয়;

(আ) তিনি ধারা ৬(২) অনুসারে স্বীয় পদ ত্যাগ করেন; অথবা

(ই) তিনি চেয়ারম্যানের অনুমতি ব্যতিরেকে গভর্ণিং বডির পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন; অথবা

(গ) উপরে দফা (খ) তে উল্লিখিত মনোনীত সদস্যগণ ব্যতীত অন্য কোন সদস্যের ক্ষেত্রে, তিনি যে পদে অধিষ্ঠিত থাকার কারণে গভর্ণিং বডির সদস্য হন সেই পদে অধিষ্ঠিত না থাকেন; অথবা

(ঘ) তিনি মৃত্যুবরণ করেন; অথবা

(ঙ) তিনি কোন এখতিয়ারসম্পন্ন আদালত কর্তৃক মানসিক বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হন; অথবা

(চ) দেউলিয়া ঘোষিত হইবার পর তিনি দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন; অথবা

(ছ) তিনি নৈতিক স্খলনজনিত ফৌজদারী অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন তিন মাস কারাদণ্ডে বা অন্যূন পাঁচ হাজার টাকা অর্থ দন্ডে দণ্ডিত হন; এবং এইরূপ দণ্ডিত ব্যক্তি মুক্তিলাভ বা ক্ষেত্রমত অর্থদণ্ড পরিশোধের পর দুই বৎসর কাল অতিবাহিত না হইয়া থাকিলে সদস্য হইবার যোগ্য হইবেন না।

৮। কাউন্সিলের উদ্দেশ্য ও কার্যাবলীঃ- (১) কাউন্সিলের উদ্দেশ্য হইবে জাতীয় প্রয়োজনের প্রতি

লক্ষ্য রাখিয়া ইনষ্টিটিউটসমূহ এবং সহযোগী সংগঠনসমূহের মাধ্যমে কৃষি বিষয়ক বিজ্ঞানে গবেষণা পরিকল্পনা, পরিচালনা, সমন্বয়, পরিবীক্ষণ (Monitoring) এবং মূল্যায়ন করা।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে কাউন্সিল নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে, যথাঃ-

(ক) কৃষি সম্পর্কিত জাতীয় নীতিমালার ভিত্তিতে গবেষণার বিষয়াবলী এবং উহাদের অগ্রাধিকার নির্ধারণ;

(খ) কৃষি ক্ষেত্রে প্রয়োজনীয় এইরূপ গবেষণার পরিকল্পনা প্রণয়ন করা, যাহা ইনষ্টিটিউটসমূহ কর্তৃক পরিচালিত গবেষণা-কার্যক্রমের দিক-নির্দেশক হইবে;

(গ) কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা এবং কৃষি-গবেষণা ক্ষেত্রে বিদেশী সহায়তার ব্যবহার সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান করা;

(ঘ) প্রত্যেক ইনষ্টিটিউটের নিজস্ব তহবিলভিত্তিক গবেষণা প্রস্তাব এবং উহার বাস্তবায়ন কার্যক্রমের বাজেট, উক্ত ইনষ্টিটিউটের বোর্ড অব ম্যানেজমেন্টের নিকট উপস্থাপনের পূর্বে, পরীক্ষা এবং মূল্যায়নক্রমে তৎসম্পর্কে প্রয়োজনীয় সুপারিশ করা;

(ঙ) চুক্তি ভিত্তিতে বা অন্য কোনভাবে কাউন্সিল কর্তৃক কোন ইনষ্টিটিউটকে বা সহযোগী সংগঠনকে প্রদত্ত সহায়তায় বাস্তবায়ন করা হইবে এইরূপ গবেষণা প্রস্তাব এবং উহার বাস্তবায়ন কার্যক্রমের বাজেট পরীক্ষা, মূল্যায়ন এবং অনুমোদন করা;

(চ) গবেষণার মান নিশ্চিত করার উদ্দেশ্যে-

(অ) প্রতিটি ইনষ্টিটিউটের গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যাবলীর অগ্রগতি পরিবীক্ষণ করা;

(আ) পাঁচ বৎসর অন্তর অন্তর প্রতিটি ইনষ্টিটিউটের গৃহীত কার্যক্রম ও সম্পাদিত কার্যাবলী উক্ত ইনষ্টিউট-বহির্ভূত একটি বিশেষজ্ঞ প্যানেল দ্বারা পুনরীক্ষণ (review) এর ব্যবস্থা করা;

(ই) প্রতিটি ইনষ্টিটিউটের গৃহীত কার্যক্রম এবং সম্পাদিত একটি অভ্যন্তরীণ বিশেষজ্ঞ প্যানেল দ্বারা সময় সময় পুনরীক্ষণের ব্যবস্থা করা;

(ছ) নূতন গবেষণা প্রতিষ্ঠান, গবেষণা কেন্দ্র, গবেষণা স্থল, গ্রন্থাগার, তথ্য কেন্দ্র, যাদুঘর, হারবোরিয়াম (herbarium) জার্ম প্লাজম (germ-plasm) উদ্ভিদ প্রবর্তন কেন্দ্র (plant introduction centre) প্রতিষ্ঠা ও পরিচালনা করা এবং ঐগুলির প্রতিষ্ঠায় বা অন্য কোন সংস্থাকে সহায়তা করা;

(জ) সিষ্টেমকে যুক্তিসংগত ও বাস্তবসম্মত রূপ দেয়ার উদ্দেশ্যে, সিষ্টেমভুক্ত ইনষ্টিটিউট এবং উহাদের অধীনস্থ গবেষণাস্থল বা গবেষণা কেন্দ্র, গবেষণাগার, লাইব্রেরী, তথ্য কেন্দ্র, যাদুঘর, হারবোরিয়াম, জার্ম প্লাজম এবং উদ্ভিদ প্রবর্তন কেন্দ্র এবং অন্যান্য স্থাপনার সংখ্যা, অবস্থান ও কার্য পরিধি নির্ধারণ, পরিবর্তন বা পরিবর্ধন সম্পর্কে সরকারকে বা ক্ষেত্রমত সংশ্লিষ্ট ইনষ্টিটিউটকে পরামর্শ প্রদান করা;

(ঝ) কৃষি ক্ষেত্রে প্রযুক্তি হস্তান্তর প্রক্রিয়া পরিবীক্ষণ করা, এবং ইনষ্টিটিউট ও সহযোগী সংগঠনসমূহের ফলাফল ও প্রযুক্তি প্রচার এবং মাঠ পর্যায়ে প্রয়োগ ও ব্যবহারের ক্ষেত্রে

উদ্ভূত সমস্যা দূরীকরণের জন্য সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করা বা ক্ষেত্রমত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করা;

(ঞ) এই আইনের বিধানাবলী সাপেক্ষে, কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর শর্তাবলী নির্ধারণ করা;

(ট) কাউন্সিল, ইনষ্টিটিউটসমূহ এবং ক্ষেত্রমত সহযোগী সংগঠনসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণকে কৃষি গবেষণা ও প্রযুক্তি ক্ষেত্রে উচ্চতর শিক্ষা ও প্রশিক্ষণ দানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা;

(ঠ) সরকারী নীতির আওতায় জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, কর্মশালা ও সেমিনারে কাউন্সিল ও ইনষ্টিটিউটসমূহের প্রতিনিধিত্বের প্রয়োজনীয়তা নির্ধারণ এবং তৎসংশ্লিষ্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(ড) কৃষি ক্ষেত্রে বাংলাদেশের জন্য কার্যকর এবং উপযোগিতাসম্পন্ন উদ্ভাবন ও সরঞ্জামাদির দ্রুত পরীক্ষা, অভিযোজন ও ব্যবহার নিশ্চিত করার উদ্দেশ্যে আন্তর্জাতিক কৃষি গবেষণা সংগঠনসমূহ ও অন্যান্য দেশের কৃষি-গবেষণা সংগঠনসমূহের সহিত সংযোগ রক্ষা করা;

(ঢ) ইনষ্টিটিউট এবং ক্ষেত্রমত সহযোগী সংগঠনসমূহ কর্তৃক গৃহীত গবেষণা প্রকল্প ও কার্যক্রমের সম্পাদনোত্তর মূল্যায়ন করা এবং উহাদিগকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা;

(ণ) উপরি-উক্ত কার্যাবলী এবং এই আইনের অধীন অন্যান্য বিধানের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় ও আনুষংগিক কার্যাবলী সম্পাদন করা।

৯। গভর্ণিং বডির সভাঃ- (১) প্রতি বৎসর-অন্ততঃ চারবার গভর্ণিং বডির সভা অনুষ্ঠিত হইবে।

(২) এই ধারার বিধানাবলী সাপেক্ষে, গভর্ণিং বডি উহার সভার কার্য-পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) গভর্ণিং বডির সভা, চেয়ারম্যান অথবা তাহার অনুপস্থিতিতে কো-চেয়ারম্যান এর সম্মতিক্রমে, সচিবের স্বাক্ষরিত লিখিত নোটিশ দ্বারা, আহুত হইবে; এবং সভা অনুষ্ঠানের তারিখ হইতে কমপক্ষে চৌদ্দ দিন পূর্বে, সভার তারিখ, সময়, স্থান ও আলোচ্য বিষয়সূচী উল্লেখ করিয়া এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করিয়া, উক্ত নোটিশ জারী করিতে হইবে।

(৪) গভর্ণিং বডির সভায় চেয়ারম্যান, এবং তাঁহার অনুপস্থিতিতে কো-চেয়ারম্যান, এবং তাঁহাদের সকলের অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে মনোনীত কোন সদস্য সভাপতিত্ব করিবেন।

(৫) গভর্ণিং বডির সভার কোরামের জন্য সর্বমোট সদস্য-সংখ্যার কমপক্ষে এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে।

(৬) সভায় উপস্থিত প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে প্রদত্ত ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী সদস্য একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদান করিতে পারিবেন।

(৭) গভর্ণিং বডি উহার সভার কোন আলোচ্য বিষয়ে বিশেষ অবদান রাখিতে সক্ষম এইরূপ যে কোন ব্যক্তিকে আমন্ত্রণ করিতে পারিবে, এবং উক্ত ব্যক্তি আলোচনায় অংশ গ্রহণ করিতে পারিবেন,

তবে তাহার কোন ভোটাধিকার থাকিবে না।

১০। নির্বাহী পরিষদঃ- (১) কাউন্সিলের একটি নির্বাহী পরিষদ থাকিবে, যাহা নিম্নরূপ সদস্য-সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ-

(ক) নির্বাহী চেয়ারম্যান, পদাধিকারবলে;

(খ) সদস্য-পরিচালকগণ, পদাধিকারবলে;

(গ) ইনষ্টিটিউটসমূহের প্রধান নির্বাহীগণ, যে নামেই অভিহিত হউন না কেন, পদাধিকারবলে;

(২) ধারা ৪ এর বিধান সাপেক্ষে, নির্বাহী পরিষদ কাউন্সিলের সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিবে।

(৩) নির্বাহী পরিষদের গঠনে ত্রুটি বা উহাতে কোন শূন্যতা রহিয়াছে শুধুমাত্র এই কারণে উহার কোন কোন কার্য বা কার্যধারা বেআইনী হইবে না বা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

১১। নির্বাহী পরিষদের সভাঃ- (১) প্রতি দুই মাসে অন্ততঃ একবার নির্বাহী পরিষদের সভা অনুষ্ঠিত হইবে।

(২) এই ধারার বিধানাবলী সাপেক্ষে, নির্বাহী পরিষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৩) নির্বাহী পরিষদের সভায় নির্বাহী চেয়ারম্যান, এবং তাহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাহাদের মধ্যে হইতে মনোনীত কোন সদস্য সভাপতিত্ব করিবেন।

(৪) নির্বাহী পরিষদের সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার এক-তৃতীয়াংশ বা নিকটতম সংখ্যক সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে।

(৫) নির্বাহী পরিষদের সভায় উপস্থিত প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট থাকিবে।

(৬) নির্বাহী পরিষদ উহার সভার আলোচ্য বিষয়ে অবদান রাখিতে সক্ষম এইরূপ যে কোন ব্যক্তিকে আমন্ত্রণ করিতে পারিবে, এবং উক্ত ব্যক্তি আলোচনায় অংশগ্রহণ করিতে পারিবেন, তবে তাহার কোন ভোটাধিকার থাকিবে না।

১২। নির্বাহী চেয়ারম্যানঃ- (১) কাউন্সিলের একজন নির্বাহী চেয়ারম্যান থাকিবেন, যিনি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং যাহার চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(২) নির্বাহী চেয়ারম্যান কাউন্সিলের প্রধান নির্বাহী হইবেন, এবং এই আইন, বিধি ও প্রবিধানের বিধানাবলী সাপেক্ষে, তিনি তাহার ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিবেন।

১৩। সচিবালয়, সচিব, সদস্য-পরিচালক ও অন্যান্য কর্মচারীঃ- (১) এই আইনের অধীনে কাউন্সিলের ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে, গভর্ণিং বডি এবং নির্বাহী পরিষদকে সহায়তা করার জন্য কাউন্সিলের একটি সচিবালয় থাকিবে, যাহা প্রয়োজনীয় সংখ্যক উইং-এ বিভক্ত থাকিবে, এবং এইরূপ কোন উইং এর একাধিক ইউনিট বা শাখা থাকিতে পারিবে।

(২) প্রতিটি উইং এর প্রধান সদস্য-পরিচালক নামে অভিহিত হইবেন এবং তাহারা সরকার

কর্তৃক নির্ধারিত শর্তে সরকার কর্তৃক নিয়োজিত হইবেন।

(৩) নির্বাহী পরিষদ, আদেশ দ্বারা, প্রতিটি উইং এর কার্যাবলী নির্ধারণ করিয়া দিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপে নির্ধারিত না হাওয়া পর্যন্ত নির্বাহী চেয়ারম্যান, আদেশ দ্বারা প্রতিটি উইং এর কার্যাবলী নির্ধারণ করিয়া দিবেন।

(৪) কাউন্সিলের প্রশাসন সংক্রান্ত উইং এর দায়িত্বে নিয়োজিত সদস্য-পরিচালক কাউন্সিলের সচিব হইবেন, এবং তিনি গভর্ণিং বডি ও নির্বাহী পরিষদেরও সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(৫) সদস্য-পরিচালকগণ ছাড়াও সচিবালয়ে প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী থাকিবেন এবং ধারা ১৪ এর বিধান সাপেক্ষে, এইরূপ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়োগ ও চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

(৬) এই আইন বিধি ও প্রবিধানের বিধানাবলী সাপেক্ষে, সদস্য-পরিচালকগণসহ সচিবালয়ের অন্যান্য সকল কর্মকর্তা ও কর্মচারী নির্বাহী চেয়ারম্যানের সার্বিক নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে তাহাদের দায়িত্ব পালন করিবেন।

১৪। সিস্টেমের জনবল নীতিঃ- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে ভিন্নরূপে যাহা কিছুই থাকুক না কেন-

(ক) কাউন্সিল এবং তফসিল 'ক'তে উল্লিখিত ইনষ্টিটিউটসমূহের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও উহার সমবেতনক্রমভুক্ত অন্যান্য পদে পদোন্নতি বা অন্য কোন পদ্ধতিতে নিয়োগের উদ্দেশ্যে কাউন্সিল একটি পদোন্নতি কমিটি বা বাছাই কমিটি গঠন করিবে, এবং এই কমিটির সুপারিশ ব্যতীত উক্তরূপ কোন পদে কোন ব্যক্তিকে নিয়োগ করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপে সুপারিশ করার ক্ষেত্রে, উক্ত কমিটি নির্বাহী পরিষদ কর্তৃক নির্ধারিত মানদন্ড অনুসরণ করিবে;

(খ) দফা (ক) তে উল্লিখিত পদের নিম্নতর পদসমূহে পদোন্নতির ক্ষেত্রে, সংশ্লিষ্ট পদধারীগণের প্রয়োজনীয় যোগ্যতার মানদন্ড সামঞ্জস্যপূর্ণ করার উদ্দেশ্যে, নির্বাহী পরিষদ একটি সুষম পদ্ধতি নির্ধারণ করিবে এবং কাউন্সিলসহ তফসিল "ক" তে উল্লিখিত ইনষ্টিটিউটসমূহ উক্ত পদ্ধতি অনুসরণ করিবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধানাবলী সংশোধন করিবে;

(গ) দফা (ক) ও (খ) এর বিধানাবলী কার্যকর করার উদ্দেশ্যে, কাউন্সিল-

(অ) উহার নিজস্ব কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধান সংশোধনের বা ক্ষেত্রমত প্রণয়নের ব্যবস্থা করিবে; এবং

(আ) কোন ইনষ্টিটিউটের কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধান সংশোধনের বা ক্ষেত্রমত প্রণয়নের জন্য উক্ত ইনষ্টিটিউটকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিবে;

(ঘ) দফা (ক), (খ) এবং (গ) এর বিধান অনুসারে সংশ্লিষ্ট বিধানাবলী সংশোধিত না হওয়া পর্যন্ত নির্বাহী পরিষদ, উক্ত দফাসমূহের বিধানাবলী কার্যকর করার উদ্দেশ্যে, প্রশাসনিক আদেশের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশ দিতে পারিবে এবং সংশ্লিষ্ট সকল

কর্তৃপক্ষ উক্ত নির্দেশ অনুসরণ করিবে;

(ঙ) তফসিল "ক"তে উল্লিখিত ইনষ্টিটিউটসমূহে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর অন্যান্য শর্তাবলী সামঞ্জস্যপূর্ণ এবং সম্ভব হইলে অভিন্ন করার উদ্দেশ্যে কাউন্সিল সংশ্লিষ্ট ইনষ্টিটিউট বা ক্ষেত্রমত সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ করিতে পারিবে;

(চ) তফসিল "খ"তে উল্লিখিত ইনষ্টিটিউটসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণের পদোন্নতি বা অন্য কোন পদ্ধতিতে নিয়োগ ও চাকুরীর অন্যান্য শর্তাবলী সংশ্লিষ্ট ইনষ্টিটিউটের ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলী দ্বারা পরিচালিত হইবে।

১৫। তহবিল ঃ- (১) কাউন্সিলের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্ন বর্ণিত অর্থ জমা হইবে, যথাঃ-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

(খ) সরকারের পূর্বানুমোদনক্রমে কোন বিদেশী সরকার বা সংস্থা বা আন্তর্জাতিক সংস্থা হইতে প্রাপ্ত অনুদান;

(গ) গবেষণা উদ্যোগ হইতে প্রাপ্ত আয়;

(ঘ) কোন স্থানীয় কর্তৃপক্ষ (local authority) প্রদত্ত অনুদান;

(ঙ) কোন বেসরকারী প্রতিষ্ঠান বা ব্যক্তি প্রদত্ত অনুদান;

(চ) অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) এই তহবিল, কাউন্সিল এর নামে, গভর্ণিং বডি কর্তৃক অনুমোদিত কোন তফসিলী ব্যাংকে জমা রাখা হইবে এবং নির্বাহী পরিষদ দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তহবিল হইতে অর্থ উঠানো হইবে।

(৩) এই তহবিল হইতে কাউন্সিলের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

১৬। বাজেটঃ- কাউন্সিল, প্রতি বৎসর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে, পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কাউন্সিলের কি পরিমাণ অর্থের প্রয়োজন উহার উল্লেখ থাকিবে।

১৭। হিসাব রক্ষণ ও নিরীক্ষাঃ- (১) কাউন্সিল সরকার কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে উল্লিখিত, প্রতি বৎসর কাউন্সিলের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও কাউন্সিল এর নিকট পেশ করিবে।

(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত নিরীক্ষা প্রতিবেদনে বর্ণিত ত্রুটি-বিচ্যুতি, যদি থাকে, সংশোধনের জন্য কাউন্সিল অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে, মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কাউন্সিলের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং গভর্ণিং বডি বা নির্বাহী পরিষদের চেয়ারম্যান বা কোন সদস্য বা যে কোন কর্মকর্তা বা কর্মচারী

বা সংশ্লিষ্ট অন্য কোন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

**১৮। কাউন্সিল কর্তৃক সরকারের নিকট বার্ষিক প্রতিবেদন প্রেরণঃ-** কাউন্সিল, প্রত্যেক অর্থ বৎসর সমাপ্ত হওয়ার পরবর্তী ৩০শে নভেম্বর তারিখের মধ্যে, তৎকর্তৃক উক্ত অর্থ বৎসরে গৃহীত গবেষণা প্রকল্প, সম্পাদিত কার্যাবলী এবং কাউন্সিলের সামগ্রিক অবস্থা সম্পর্কিত তথ্যাদির সার-সংক্ষেপ সম্বলিত একটি প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ-করিবে।

**১৯। কমিটিঃ-** কাউন্সিল এই আইনের অধীন উহার কোন ক্ষমতা প্রয়োগ বা কোন কার্য সম্পাদনের ব্যাপারে উহাকে সহায়তা করার উদ্দেশ্যে, তৎকর্তৃক নির্ধারিত সীমা ও শর্ত সাপেক্ষে, গভর্ণিং বডি বা নির্বাহী পরিষদের কোন সদস্য বা কাউন্সিলের কর্মকর্তা সমন্বয়ে এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে, এবং প্রয়োজনবোধে উক্ত কমিটিতে অন্য যে কোন ব্যক্তিকেও অন্তর্ভূক্ত করিতে পারিবে।

**২০। ক্ষমতা অর্পণঃ-** কাউন্সিল এই আইন বা তদধীনে প্রণীত বিধি বা প্রবিধানের অধীন উহার কোন ক্ষমতা, লিখিত আদেশ দ্বারা, গভর্ণিং বডি বা নির্বাহী পরিষদের কোন সদস্য, বা কোন কর্মকর্তা বা কোন কমিটিকে অর্পণ করিতে পারিবে।

**২১। বিধি প্রণয়নের ক্ষমতাঃ-** সরকার, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

**২২। প্রবিধান প্রণয়নের ক্ষমতাঃ-** কাউন্সিল এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এই আইন বা বিধির সহিত অসংগতিপূর্ণ নহে এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

**২৩। গভর্ণিং বডি, নির্বাহী পরিষদের সদস্য, কর্মকর্তা-কর্মচারীগণ জনসেবকঃ-** গভর্ণিং বডি এবং নির্বাহী পরিষদের সকল সদস্য, এবং সকল কর্মকর্তা ও কর্মচারী এবং কাউন্সিলের পক্ষে কোন কাজ করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি Penal Code (Act XLV of 1860) এর section 21 এ সংজ্ঞায়িত অর্থে public servant গণ্য হইবেন।

**২৪। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ ঃ-** এই আইন, বিধি বা প্রবিধানের অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজকর্মের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা হওয়ার সম্ভাবনা থাকিলে তজ্জন্য সরকার, কাউন্সিল বা উক্ত কাজকর্ম সম্পাদনকারী ব্যক্তির বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা কোন আদালতে গ্রহণ করা যাইবে না।

**২৫। কতিপয় আইন অপ্রযোজ্যঃ-** কাউন্সিল বা তৎকর্তৃক পরিচালিত কার্যক্রম এর ক্ষেত্রে Factories Act, 1965 (E.P. Act IV of 1965), Shops and Establishments Act, 1965 (E.P. Act VII of 1965), Employment of Labour (Standing Orders) Act, 1965 (E.P. Act VIII of 1965) অথবা Industrial Relations Ordinance, 1969 (Ord. XXIII of 1969) এর বিধানাবলী প্রযোজ্য হইবে না।

**২৬। রহিতকরণ ও হেফাজতঃ-** (১) এতদ্বারা The Bangladesh Agricultural Research Council Order, 1973 (P.O. No. 32 of 1973), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, রহিত করা হইল।

(২) উক্ত Order রহিত হইবার সংগে সংগে–

(ক) উহার অধীন প্রতিষ্ঠিত Bangladesh Agricultural Research Council,

অতঃপর বিলুপ্ত Council বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(খ) বিলুপ্ত Council এর তহবিল, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং সিকিউরিটিসহ সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি এবং ঐ সকল সম্পত্তিতে বিলুপ্ত Council-এর যাবতীয় অধিকার ও স্বার্থ কাউন্সিলে ন্যস্ত হইবে;

(গ) বিলুপ্ত Council এর সকল ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা, উহার পক্ষে বা উহার সহিত সম্পাদিত সকল চুক্তি যথাক্রমে কাউন্সিলের ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা, পক্ষে বা সহিত সম্পাদিত চুক্তি বলিয়া গণ্য হইবে;

(ঘ) বিলুপ্ত Council কর্তৃক বা উহার সহায়তায় প্রতিষ্ঠিত গবেষণা প্রতিষ্ঠান, গবেষণা কেন্দ্র, গ্রন্থাগার, তথ্য কেন্দ্র, যাদুঘর বা অন্যবিধ স্থাপনা কাউন্সিল কর্তৃক বা উহার সহায়তায় প্রতিষ্ঠিত বলিয়া গন্য হইবে;

(ঙ) বিলুপ্ত Council কর্তৃক বা উহার বিরুদ্ধে দায়েরকৃত কোন মামলা বা সূচিত অন্য কোন আইনগত কার্যধারা কাউন্সিল কর্তৃক বা উহার বিরুদ্ধে দায়েরকৃত বা সূচিত মামলা বা কার্যধারা বলিয়া গণ্য হইবে;

(চ) বিলুপ্ত Council এর Executive Vice-Chairman এবং প্রত্যেক Member-Director সরকার কর্তৃক এই আইনের অধীনে যথাক্রমে কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান এবং সদস্য-পরিচালক হিসাবে নিয়োজিত হইয়াছেন বলিয়া গণ্য হইবে, এবং এই আইন প্রবর্তনের পূর্বে তাহারা যে শর্তাধীনে নিয়োজিত ও কর্মরত ছিলেন, তাহা সরকার কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে নিয়োজিত ও কর্মরত থাকিবেন;

(ছ) বিলুপ্ত Council এর সকল কর্মকর্তা ও কর্মচারী কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারী হইবেন, এবং এই আইন প্রবর্তনের পূর্বে তাহারা যে শর্তাধীন চাকুরীতে ছিলেন, তাহা এই আইনের বিধান অনুযায়ী পরিবর্তিত না হওয়া পর্যন্ত সেই একই শর্তে চাকুরীরত থাকিবেন।

(৩) উক্ত Order রহিত হওয়া সত্ত্বেও-

(ক) উহার অধীন প্রণীত কোন Rules বা Regulations জারীকৃত কোন প্রজ্ঞাপন, প্রদত্ত কোন আদেশ, নির্দেশ অনুমোদন উপদেশ বা সুপারিশ এই আইনের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এবং এই আইনের অধীনে রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত, বলবৎ থাকিবে;

(খ) উহার অধীনে গঠিত Executive Committee ব্যতীত অন্য কোন কমিটি, উহার গঠন বা কার্য পরিধি এই আইনের বিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ না হইলে, এইরূপে অব্যাহত থাকিবে যেন উক্ত কমিটি এই আইনের অধীনে গঠিত হইয়াছে।

(৪) এ আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে বিলুপ্ত Council এর নিকট কোন গবেষণা প্রস্তাব, গবেষণা পরিকল্পনা, সম্পাদিত গবেষণার মূল্যায়ন ও পুনরীক্ষণ এবং কোন ইনষ্টিটিউট সংক্রান্ত অন্য কোন কার্যক্রম বিবেচনাধীন থাকিলে, তৎসম্পর্কে কাউন্সিল এই আইনের বিধান অনুসারে ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৫) উপ-ধারা (২), (৩) এবং (৪) এর বিধান কার্যকর করার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে,

উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, লিখিত আদেশ দ্বারা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২৭। অধ্যাদেশ নং-১৬, ১৯৯৬ বাতিলকরণঃ- (১) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল অধ্যাদেশ, ১৯৯৬ (অধ্যাদেশ নং ১৬, ১৯৯৬) এতদ্বারা বাতিল করা হইল।

(২) উক্তরূপ বাতিল সত্ত্বেও বাতিলকৃত অধ্যাদেশের অধীনকৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

তফসিল- 'ক'

[ধারা ২ (ক) দ্রষ্টব্য]

(১) Bangladesh Rice Research Institute (BRRI)

(২) Bangladesn Jute Research Institute (BJRI)

(৩) Bangladesh Agricultural Research Institute (BARI)

(৪) Bangladesh Institute of Nuclear Agriculture (BINA)

(৫) ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট।

তফসিল- 'খ'

[ধারা ২ (ক) দ্রষ্টব্য]

(১) Livestock Research Institute (LRI)

(২) Fisheries Research Institute (FRI)

(৩) বাংলাদেশ চা গবেষণা ইনষ্টিটিউট (বিটিআরআই)

(৪) বাংলাদেশ বন গবেষণা ইনষ্টিটিউট (বিএফআরআই)

(৫) মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনষ্টিটিউট (এসআরডিআই)

আবুল হাশেম
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।